

২০২২

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-1

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $2 \times 10 = 20$

- ক) 'চর্যাপদের' প্রকৃত নাম কী ছিল? চর্যাপদের মোট কতগুলি পদ আবিষ্কৃত হয়েছিল?
- খ) 'শ্রীকৃষ্ণসন্দর্ভ' কাব্যটি কে রচনা করেন? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির খণ্ড সংখ্যা কয়টি?
- গ) চেতন্য পূর্ববর্তী দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- ঘ) 'আদিত্যবার শ্রীপঞ্চমী পূর্ণ মাঘ মাস' — কোন্ কবির জন্ম সম্পর্কে এ কথা বলা হয়েছে? তাঁর কাব্যের নাম কী ছিল?
- ঙ) মহাভারতের দু'জন অনুবাদকের নাম লেখো।
- চ) 'গুণরাজ খাঁ' কার উপাধি? তাঁর অনুদিত গ্রন্থের নাম কি?

[পরের পাতায়]

- ছ) 'মনসামঙ্গল' কাব্যের আদি কবি কে? তাঁর রচিত কাব্যের নাম কী?
- জ) 'মুকুন্দ চক্রবর্তী' কোন্ সময়ের কবি? তাঁর নিবাস কোথায় ছিল?
- ঝ) 'অক্ষর' কাকে বলে? একটি উদাহরণ দাও।
- ঞ) স্বরবৃত্ত ছন্দের মূল পর্ব কয় মাত্রার হয়? এই ছন্দের অপর একটি নাম বলে।
- ট) 'শ্লেষ' অলঙ্কার কাকে বলে? 'শ্লেষ' অলঙ্কার কয় প্রকার ও কী কী?
- ঠ) 'কাকু - বক্রোক্তি' অলঙ্কার কাকে বলে? একটি উদাহরণ দাও।
- ড) "এ সখি হামারি দুখের নাহি ওর।

এ ভরা বাদর মাহ ভাদর

শূণ্য মন্দির মোর।"

—পদটি কার লেখা, কোন্ পর্যায়ের পদ? 'ভাদর' শব্দের অর্থ লেখো।

- ঢ) "বিরতি আহারে রাঙা বাস পরে

যেমতি যোগিনী-পারা।।"

— পদটির রচয়িতা কে? কাকে যোগিনী-পারা বলা হয়েছে?

- ণ) "অভিনব হেম কল্পতরু সঞ্চরু

সুরধুনী তীরে উজোর।।"

— পদটির রচয়িতা কে? পর্যায় উল্লেখ করে 'উজোর' শব্দের অর্থ লেখো।

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০
- ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ঐতিহাসিক গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।
- খ) টীকা লেখো (যে-কোনো একটি) :
'চৈতন্যচরিতামৃত', কাশীরাম দাস।
- গ) উদাহরণ সহ সংজ্ঞা লেখো (যে-কোনো দুটি):
ছন্দ, চরণ, পদ।
- ঘ) যে-কোনো দুটি অলঙ্কারের সংজ্ঞা ব্যাখ্যা ও উদাহরণ দাও :
অনুপ্রাস, শ্লেষ, উৎপ্রেক্ষা।
- ঙ) 'রাধার কি হৈল অন্তরে ব্যথা' — পদটির কাব্য সৌন্দর্য বিশ্লেষণ করো।
- চ) 'এ সখি হামারি দুখের নাহি ওর।' — পদটির মধ্যে বেদনার যে ঐশ্বর্যময় রূপ ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- ক) রামায়ণের অনুবাদকরূপে কবি কুস্তিবাসের অবদান আলোচনা করো।
- খ) 'স্বরবৃত্ত' ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- গ) ভারতচন্দ্রের কবি প্রতিভার পরিচয় দাও।
- ঘ) "কন্টকগাড়ী কমল-সম পদতল"—পদটির পর্যায় উল্লেখ করে কাব্যসৌন্দর্য বিচার করো।